ইসির বরাদ্দযোগ্য প্রতীক তালিকায় ‘শাপলা কলি’ অন্তর্ভুক্ত করে প্রজ্ঞাপন



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশন (ইসি) বৃহস্পতিবার (৩০ অক্টোবর) প্রজ্ঞাপনের মাধ্যমে রাজনৈতিক দলের বরাদ্দযোগ্য প্রতীকের তালিকায় ‘শাপলা কলি’ যুক্ত করার ঘোষণা দিয়েছে।

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) শুরু থেকেই তাদের নির্বাচনী প্রতীকের জন্য পূর্ণ শাপলা চেয়ে আসছিল। দলটি নিবন্ধনের অনুমোদন পেলেও, প্রতীক সংক্রান্ত বিষয়টি অনিশ্চয়তার কারণে আটকে ছিল।

ইসি জানিয়েছিল, বরাদ্দযোগ্য প্রতীকের তালিকায় শাপলা নেই। তাই গেজেটকৃত ৫০টি প্রতীকের মধ্যে যেকোনো একটিকে বাছাই করার জন্য এনসিপিকে চিঠি দেওয়া হয়েছিল।

তবে এনসিপি কমিশনের সঙ্গে একাধিক বৈঠক ও চিঠিপত্রের মাধ্যমে স্পষ্ট জানিয়েছে, শাপলা ছাড়া অন্য কোনো প্রতীক তারা গ্রহণ করবে না। প্রয়োজনে তারা রাজপথেও আন্দোলনের হুমকি দিয়েছে।

পরিস্থিতি বিবেচনায় নিয়ে নির্বাচন বিধিমালা ২০০৮ সংশোধন করে ইসি আজ প্রজ্ঞাপন জারি করে ‘শাপলা কলি’কে বরাদ্দযোগ্য প্রতীকের তালিকায় অন্তর্ভুক্ত করেছে। প্রজ্ঞাপনের পর এনসিপি এখনো তাৎক্ষণিক প্রতিক্রিয়া দেয়নি।